দৈনিক বাংলা

034

তারিখ ...

পৃষ্ঠা ...

# শিক্ষাক্ষেত্রে বৈষম্য দূর করার উপায় বের করা হবে : জাফর

(স্টাফ রিপোর্টার)

গতকাল বিকেলে জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের প্রথম ওয়ার্কিং অধিবেশন অনুষ্ঠিত হয়। পরিষদের সভাপতি, শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ অধিবেশনে সভাপতিত্ব করেন। জাতীয় সংসদ ভবনের কমিটি রুমে অধিবেশন অনুষ্ঠিত হচ্ছে।

শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ তাঁর ভাষণে বলেন, আমরা এমন এক শিক্ষানীতি প্রণয়ন করতে যাচ্ছি যাতে জাতির আশা-আকাংখা প্রতিফলিত হবে। তিনি বলেন, শিক্ষা ব্যবস্থা কখনো গণমুখী হতে পারে না যদি এর ভেতরকার বৈষম্যগুলো দূর করা না যায়। শিক্ষামন্ত্রী তিন মাসের মধ্যে অন্তর্বর্তীকালীন শিক্ষা রিপোর্ট প্রকাশ করার পূর্ব প্রতিশ্রুতির কথা আবার উল্লেখ করেন। তিনি বলেন, রিপোর্ট প্রণয়নের পরও জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদ বহাল থাকবে। তিনি অন্তর্বর্তীকালীন এই শিক্ষানীতি কার্যকর করা হবে বলে দৃঢ় মত ব্যক্ত করেন।

গতকাল প্রথম ওয়ার্কিং অধিবেশনে জনাব আবু জাফর ওবায়দুল্লাহ খান কয়েকটি প্রশ্ন তোলেন। তিনি বলেন : (১) গণমুখী শিক্ষা বলতে কি বোঝানো হচ্ছে? (২) জনগণ বলতে কোন শ্রেণী বোঝানো

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## জাফর

(১ম পৃঃ পর)

হচ্ছে? (৩) কোন শ্রেণীর শিক্ষা ব্যবস্থার কথা বলা হচ্ছে। (৪) ব্যবহারিক শিক্ষা ও সাধারণ শিক্ষা একই সাথে চললে কি দুই ধরনের শিক্ষাব্যবস্থা চালু হয় না?

জনাব কাজী জাফর বলেন, আমাদের শিক্ষার মৌলিক চরিত্র নির্ধারণ করাই এই পরিষদের কাজ হবে। শিক্ষা ক্ষেত্রে বিদ্যমান নানা বৈষম্যের কথা স্বীকার করে শিক্ষামন্ত্রী বলেন, বৈষম্য দূর করার উপায় উদভাবন করাই আমাদের এখনকার দায়িত্ব।

গতকাল আলোচনায় আরো অংশ নেন সর্বজনাব আবুল কালাম আজাদ, শরিফুল ইসলাম, আবদুল কাদের সরকার প্রমুখ।

আজ বৃহস্পতিবার বিকেল সোয়া ছয়টায় আবার অধিবেশন বসবে। প্রেসিডেন্ট জিয়াউর রহমান আজ আলোচনায় অংশ নেবেন।